



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'

৮৩-৮৫, মতিবাল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

কৃষি ও পল্লী ঋণ বিভাগ

www.krishibank.org.bd

পত্র নং-বিকেবি-প্রকা/ক্রপি-২৪৯/২০২৩-২০২৪/৭১৩

তারিখঃ ০৩ জুন, ২০২৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : ২০২৩-২০২৪ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিগত ২৫.০৪.২০২৪ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৮৫৪তম সভায় "বাংলাদেশ কৃষি ব্যাংকের ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে কৃষি ও পল্লী ঋণ বিতরণের হালনাগাদ অগ্রগতির তথ্যাদি পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে" মর্মে নির্দেশনার প্রেক্ষিতে লক্ষ্যমাত্রার বিপরীতে কৃষি ও পল্লী ঋণ বিতরণের ০২.০৫.২০২৪ তারিখ ভিত্তিক তথ্যাদি পরিচালনা পর্ষদের ৮৫৭তম সভায় উপস্থাপন করা হয়।

০৩। বাংলাদেশ কৃষি ব্যাংকের ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে কৃষি ও পল্লী ঋণ বিতরণের হালনাগাদ অগ্রগতির তথ্যাদি পর্ষদ অবহিত হয়। যেসকল বিভাগের কৃষি ও পল্লী ঋণ খাতে লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের হার আশানুরূপ নয় সেসকল বিভাগকে কঠোর মনিটরিংয়ের আওতায় এনে বার্ষিক লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করার জন্য পর্ষদ নির্দেশনা প্রদান করে।

০৪। এমতাবস্থায়, পর্ষদের নির্দেশনার প্রেক্ষিতে অন্তিমিলমে ২০২৩-২০২৪ অর্থবছরে কৃষি ও পল্লী ঋণ বিতরণের নির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। বিভাগীয় মহাব্যবস্থাপক এবং অঞ্চল প্রধানগণকে কৃষি ও পল্লী ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ মাঠ কার্যালয়কে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, পর্ষদ সভার নির্দেশনার আলোকে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক কৃষি ও পল্লী ঋণ বিতরণের অগ্রগতি নিয়মিত মনিটরিং করা হচ্ছে।

আপনার বিশ্বাস

০৩.০৬.২০২৪
(আবু সাঈদ মোঃ রাশেদুল হক)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

পত্র নং-বিকেবি-প্রকা/ক্রপি-২৪৯/২০২৩-২০২৪/৭১৩

তারিখঃ ০৩ জুন, ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দণ্ডর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (উপরোক্ত প্রত্তি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৭। নথি/মহানথি।

(মোস্তাফিজুর রহমান ইসলাম)
উপমহাব্যবস্থাপক